মেহেরপুরে সরকারি ও বেসরকারিভাবে মোট ১২৭ জন পবিত্র হজ্বে যাবেন

আসন্ন পবিত্র সরকারি ও বেসরকারি ব্যবস্থাপনার গমনকারী হজ্ব যাত্রীদের দিনব্যাপি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার (১০ মে) সকালে মেহেরপুর জেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র মিলনায়তনে হজ্ব যাত্রীগণের এই প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জে এম সিরাজুম মুনিরের সভাপতিত্বে অনুষ্ঠিত দিনব্যাপি প্রশিক্ষণের উদ্বোধন করেন জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলাম।

প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট মহা: আব্দুস সালাম, মেহেরপুর সিভিল সার্জন ডাঃ জওয়াহেরুল আনাম সিদ্দিকী, অতিরিক্ত জেলা ম্যাজিস্টেট লিউজা – উল জান্নাহ, অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) আজমল হোসেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন মেহেরপুর ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জে এম সিরাজুম মুনির। চলতি বছরে মেহেরপুর থেকে সরকারি ও বেসরকারিভাবে মোট ১২৭ জন পবিত্র হজ্ব পালন করবেন।

এর মধ্যে সরকারি ব্যবস্থাপনায় ৯ জন এবং বেসরকারি ব্যবস্থাপনায় ১১৮ জন রয়েছেন।

মেহেরপুরে ইসলামিক ফাউন্ডেশনের

প্রতিষ্ঠাবার্ষিকী পালন

মেহেরপুরে ইসলামিক ফাউন্ডেশনের ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে শোভাযাত্রা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকালে জেলা প্রশাসকের কার্যালয় থেকে শোভাযাত্রা বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষন করে জেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে পবিত্র কোরআন তেলাওয়াত এর মধ্যে দিয়ে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা ইসলামিক ফাউন্ডেশন এর উপ-পরিচালক এ জে এম সিরাজুম মনির এর সভাপতিত্বে ফিল্ড সুপারভাইজার তাওহিদুল ইসলামের সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা প্রশাসক ড. মুনসুর আলম খান, বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট আব্দুস সালাম

এছাড়াও বক্তব্য রাখেন, জেলা ইসলামিক ফাউন্ডেশনের ফিল্ড অফিসার আমানুল্লাহ, জেলা মডেল মসজিদের পেশ ইমাম মুফতি সাদিকুর রহমান, শিক্ষক সাব্বির হোসেন,হুমায়ুন কবির প্রমুখ